

ঃ নতুন বন্ড লাইসেন্সের আবেদনের জন্য আবশ্যিক দলিলাদি ঃ

ক্রমিক নং	দলিলাদির বিবরণ
১.	যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ কোম্পানীর নিজস্ব প্যাডে আবেদন, www.cbc.gov.bd এর নির্ধারিত ডাটাবেইজ ফরমে তথ্যাদি উল্লেখসহ
২.	BIDA/BOI/BSCIC/ বন্ধ পরিদপ্তর -এর রেজিস্ট্রেশন সনদপত্র
৩.	কোম্পানীর টিআইএন সার্টিফিকেট সত্যায়িত ফটোকপি
৪.	হালনাগাদ ট্রেড লাইসেন্স
৫.	হালনাগাদ ফায়ার লাইসেন্স
৬.	মূল্য সংযোজন কর সনদ/E-BIN (13-Digit)
৭.	সংশ্লিষ্ট এসোসিয়েশনের কমিশনার বরাবর মূল সনদ ও সুপারিশ পত্র;
৮.	প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবী, NID নং, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়ন পূর্বক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল।
৯.	বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)
১০.	জয়েন্ট স্টক কোম্পানীর মেমোরেডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশনের একটি মূলবই (প্রযোজ্য ক্ষেত্রে)/অংশীদারী চুক্তিনামা দলিল
১১.	মেশিনারীজ আমদানির ক্ষেত্রে L/C, Invoice, B/E ও B/L এবং স্থানীয় ক্রেতার ক্ষেত্রে ক্রেয় সংক্রান্ত মূসক-১১, চালান (মূল কপি), ট্রেজারী চালানের কপি-বিস্তারিত উল্লেখ সহ, স্থানীয় আমদানি করকের ক্ষেত্রে আমদানি দলিলাদি L/C, Invoice, B/E ও B/L সত্যায়িত ফটোকপি।
১২.	প্রস্তাবিত বন্ডেড ওয়্যারহাউসের ০২(দুই) কপি নীল নক্সা যা এ্যামোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার এবং ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক প্রতিস্বাক্ষরিত (নীল নকসা স্থাপনা ও বন্ডেড গুদামের পরিমাপ উল্লেখসহ)
১৩.	কারখানার মালিকানা/ভাড়ার দলিল (ভাড়ার ক্ষেত্রে স্ট্যাম্প নোটারীকৃত মূল চুক্তিপত্র)
১৪.	ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মেনে চলার অঙ্গীকারসহ ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা।
১৫.	আবেদনকারী প্রতিষ্ঠানের কোন সহযোগী প্রতিষ্ঠান আছে কিনা তা আবেদনকারী নিজস্ব প্যাডে ঘোষণা দেবেন।
১৬.	হালনাগাদ শিল্প আইআরসি/ইআরসির কপি (IRC/ERC)
১৭.	হালনাগাদ কল-কারখানার সনদপত্র।
১৮.	পরিবেশ অধিদপ্তরের সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। [লোদার ও ওয়াসিং বাধ্যতামূলক]
১৯.	জাতীয় পরিচয় পত্র/পাসপোর্টের কপি/ওয়ার্ড কমিশনারের সার্টিফিকেট ; (NID)
২০.	প্রতিষ্ঠানের ও পরিচালকদের আয়কর রিটার্নের কপি; (১০বি) সকল পরিচালক ও মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি১০) এর সার্টিফাইড কপি। রেজিস্টার অব জয়েন্ট স্টক অনুযায়ী শেয়ার সংখ্যা আইটি১০বিতে প্রদর্শনসহ।
২১.	প্রতিষ্ঠানের ও পরিচালকদের হাল নাগাদ আয়কর পরিশোধ প্রত্যয়ন পত্রের মূলকপি অথবা সত্যায়িত কপি। জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-১৩৬-আইন/২০২০/৮৭/কাস্টমস, তারিখ: ০৩/০৬/২০২০ এর পরিশিষ্ট-০২ এর শর্ত নং-২১ মোতাবেক নতুন সংযোজিত শর্ত সমূহ নিম্নরূপ ঃ
১	কারখানার চতুর্দিকে নিরাপত্তা বেস্টনি এবং একই ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মধ্যে স্থাপিত গ্রুপ অব ইন্ডাস্ট্রিজে স্থাপিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে একই ধরনের নিরাপত্তা বেস্টনি থাকিবার নকশা যা সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে।
২	কারখানার ভিতরে অবস্থিত কাঁচামাল ও ফিনিশড গুডস এর জন্য নির্ধারিত ওয়্যারহাউস আন্তর্জাতিক মানসম্পন্ন হইতে হইবে। অর্থাৎ বন্ডেড কাঁচামালের জন্য নির্ধারিত ওয়্যারহাউসের ভিতরে কোন ইউটিলিটি সংযোগ বা ইলেকট্রিক্যাল ওয়্যার থাকিবে না এবং ওয়্যারহাউসের ভিতরে পর্যাপ্ত আলো বাতাস প্রবেশের ব্যবস্থা থাকিবে।
৩	গুদামসহ প্রতিষ্ঠানের আয়তন ন্যূনতম ৫(পাঁচ) হাজার বর্গফুট হইতে হইবে।
৪	প্রতিষ্ঠানের নিজস্ব নামে জ্বালানি সংযোগ থাকিতে হইবে তবে একই হোল্ডিং এ একাধিক প্রতিষ্ঠান হইলে সাব-মিটার হইতে পারিবে।
৫	আবেদনকারী যদি উৎপাদন কার্যক্রমের জন্য স্থানীয় উৎস হইতে পূর্বে আমদানিকৃত ও ব্যবহৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহ করিয়া থাকে, তাহা হইলে তাহার আয়ুষ্কাল নির্ধারণের ক্ষেত্রে আন্তর্জাতিক সার্ভেয়ার প্রতিষ্ঠান কর্তৃক ন্যূনতম ১০(দশ) বৎসর কর্মক্ষম থাকিবে এই মর্মে Life Span Certificate সংগ্রহপূর্বক আবেদনের সহিত দাখিল করিতে হইবে। এছাড়া, উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) পরিশোধের দালিলিক প্রমাণাদি, মেশিনের আমদানি সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, ইনভয়েস ও প্যাকিং লিষ্ট দাখিল করিতে হইবে এবং মেশিনারীজের ন্যূনতম মূল্য ৪০(চল্লিশ) লক্ষ টাকা হইতে হইবে।
৬	প্রতিষ্ঠানের সহযোগী সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা হালনাগাদ থাকিতে হইবে।
৭	প্রতিষ্ঠানের বিদেশি পরিচালকগণ (দেশে অবস্থান করণ বা না করণ) এর করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) ও Provat Investor (PI) দাখিল করিতে হইবে।
৮	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন ন্যূনতম ০১(এক) কোটি টাকা এবং একক/অংশীদারী মালিকানার ক্ষেত্রে ন্যূনতম টার্নওভার ৩০ (ত্রিশ) লক্ষ টাকা হইতে হইবে।
	লাইসেন্স চূড়ান্ত ভাবে অনুমোদন কালীন ১-১১৩৬-০০০৫-১৮৫৪ কোডে লাইসেন্স ফি বাবদ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ও লাইসেন্স ফি এর উপর ১৫% ভ্যাট বাবদ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা সংশ্লিষ্ট মূসক কোডে (১-১১৩৬-০০০৫-০৩১১) জমার ট্রেজারী চালান, উক্ত ট্রেজারী চালান ট্রেজারী শাখা হতে যাচাইকৃত। সকল দলিলাদি প্রতিষ্ঠানের মালিক এবং লিয়েন ব্যাংক কর্তৃক প্রতিস্বাক্ষরিত।